

ঢাকা ওয়াসা

মডস জোন-১ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

ঢাকা ওয়াসার রেট সিডিউল এর কপি।

ঢাকা ওয়াসা লিংক ১৬১৬২ হতে প্রাপ্ত অভিযোগ।

প্রস্তাবিত কাজের ক্যালকুলেশন ও প্রাক্কলন।

বিষয়ঃ Repairing & Maintenance of water line Leakage at H# 54, Mirhazaribag, Jatrabari, H# 190, Mirhazaribag and H#11/B, Uttar Mugda Area Under MODS Zone-1, Dhaka WASA শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১ এর আওতাধীন H# 54, Mirhazaribag, Jatrabari, H# 190, Mirhazaribag and H#11/B, Uttar Mugda এলাকায় পানির লাইনের লিকেজ হওয়া মর্মে স্থানীয় কাউন্সিলর এবং গ্রাহকগণ ১৬১৬২-এ অভিযোগ করেন (ক্রঃ নং-৩)। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সহকারী প্রকৌশলী সহ সংশ্লিষ্ট এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, বর্ণিত হোল্ডিং নং সমূহে ১৬০ ব্যাসের পানির লাইন লিকেজ হয়ে রাস্তার পার্শ্বে প্রচুর পানি অপচয় হচ্ছে। এতে রাস্তার পথচারী ও যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে। ফলে এলাকায় পানির সংকট সৃষ্টি হচ্ছে। এতে ঢাকা ওয়াসার সন্মানিত গ্রাহকগণের ময়লা পানি পাওয়ার সহ রাস্তা ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। লিকেজ মেরামত করার ব্যাপারে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন হতে বার বার তাগিদ দেওয়া হচ্ছে। তাই জরুরী ভিত্তিতে বর্ণিত এলাকা সমূহের পানির লাইনের লিকেজ মেরামত ও রক্ষনাবেক্ষন কাজ করা প্রয়োজন। সেই লক্ষে বিষয় বর্ণিত কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য পিডব্লিউডি-২০২২ এর সংশোধিত রেট সিডিউল, ঢাকা ওয়াসার রেট সিডিউল ও পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত হল। প্রাক্কলনের সর্বমোট টাকার পরিমাণ দাড়িয়েছে টাঃ ৪৮৬৮৩.৩৯৯ (আটচল্লিশ হাজার ছয়শত তিরিশি দশমিক তিন নয় নয়) টাকা মাত্র (ক্রঃ নং-৪)। উক্ত কাজের যাবতীয় মালামাল লেবার ও ঠিকাদার কর্তৃক সরবরাহ করে কাজ সম্পন্ন করা হবে। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-১ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-WR-04(B)-33 এর জরুরী পানির লাইন রক্ষনাবেক্ষন খাত হতে নির্বাহ করা হবে।

২। এমতাবস্থায়, মডস জোন-১ এর Repairing & Maintenance of water line Leakage at H# 54, Mirhazaribag, Jatrabari, H# 190, Mirhazaribag and H#11/B, Uttar Mugda Area Under MODS Zone-1, Dhaka WASA কাজটি পি.পি.আর-২০২৫ এর বিধি ৯৯/১(ডে) অনুযায়ী ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স রাবেয়া ট্রেডার্স এর সাথে সরাসরি চুক্তি (DPM) প্রক্রিয়ার মাধ্যমে জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য উপস্থাপিত টাঃ ৪৮৬৮৩.৩৯৯ (আটচল্লিশ হাজার ছয়শত তিরিশি দশমিক তিন নয় নয়) টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য যে, আলোচ্য কাজটির অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

মোঃ ইকবাল হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১, ঢাকা ওয়াসা।

মোঃ মেহেদী হাসিন
সহকারী প্রকৌশলী
মডস জোন-১, ঢাকা ওয়াসা।

মোঃ আনোয়ার হোসেন
সিনিয়র প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

Len, zone-1

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।